# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩১. যিনি অর্থ সঠিক হলে হাদীস বর্ণনার অনুমতি দেন

بَابُ مَنْ رَخَّصَ فِي الْحَدِيثِ إِذَا أَصَابَ الْمَعْنَى

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ سُوقَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَلِيِّ بْنِ الْحُسَيْنِ، قَالَ: حَدَّثَ عُبَيْدُ بْنُ عُمَيْرٍ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ رضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَثَلُ الْمُنَافِقِ مَثَلُ الشَّاةِ بَيْنَ الرَّبْضَيْنِ أَوْ بَيْنَ الْغَنَمَيْنِ، فَقَالَ: ابْنُ عُمَرَ لَا، إِنَّمَا قَالَ: كَذَا وَكَذَا، قَالَ: وَكَانَ ابْنُ عُمَرَ إِذَا سَمِعَ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَزِدْ فِيهِ، وَلَمْ يُنْقِصْ مِنْهُ، وَلَمْ يُجَاوِزْهُ، وَلَمْ يُقَصِّرْ عَنْهُ

إسناده صحيح

বাংলা

৩২৭. উবাইদুল্লাহ ইবনু উমাইর আব্দুল্লাহ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট হাদীস বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মুনাফিকের দৃষ্টান্ত দু’খোয়াড়ের মাঝে অথবা দু’ ছাগলের মাঝে (যাতায়াতকারী) ছাগীর ন্যায়।” এরপর ইবনু উমার বলেন: না, বরং তিনি এমন, এমন বলেছেন। বর্ণনাকারী বলেন: ইবনু উমার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কিছু শুনলে তাতে কিছু বৃদ্ধিও করতেন না, আবার তা থেকে কিছু কমাতেনও না, তা লম্বাও করতেন না, আবার তাকে খাটোও করতেন না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: এর তাখরীজ পূর্ণভাবে দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৬৪ ও মুসনাদে হুমাইদী নং ৭০৫ এর তাখরীজে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69638

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন